

নং-সদেক/২০২৩/হিসাব/এন-১/৫৫

তারিখ: ০৫-০৪-২০২৩খ্রি.

২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তির আবেদনের বিজ্ঞপ্তি:

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তিচ্ছু শিক্ষার্থীরা জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions) হতে ০৮-০৫-২০২৩ তারিখের মধ্যে ভর্তির প্রাথমিক আবেদন ফর্ম অনলাইনে পূরণ ও বিকাশ/নগদের মাধ্যমে আবেদন ফি জমা দানের ক্ষেত্রে আবেদনকারীর করণীয় সংক্রান্ত নির্দেশনা:

- ১। বিজ্ঞপ্তি শর্ত অনুযায়ী আগামী ০৯-০৫-২০২৩ তারিখের মধ্যে ভর্তির যোগ্যতা অর্জনকারী শিক্ষার্থী জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions) এ প্রবেশ করে প্রাথমিক আবেদন যথাযথভাবে পূরণ করে Submit এর পর ডাউনলোডকৃত পিডিএফ কপি প্রিন্ট নিয়ে প্রয়োজনীয় কাগজপত্রসহ (নিম্নে উল্লিখিত) বিকাশ/নগদের মাধ্যমে ২৫০/- (দুইশত পঞ্চাশ টাকা মাত্র) ফিস পরিশোধ করে রশিদসহ কাগজপত্র রসায়ন বিভাগের বারান্দায় (কমিটির নিকট) ০৯-০৫-২০২৩ তারিখের মধ্যে (সকাল ৯:০০টা থেকে বিকাল ২:০০টা পর্যন্ত সরকারি ছুটির দিন ব্যতিত) জমা দিয়ে আবেদন প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।
- ২। বিকাশ/নগদে ফি প্রদানের পদ্ধতি: বিকাশ/নগদ এর অ্যাপে গিয়ে **Pay Bill** সিলেক্ট করে **Education** সিলেক্ট করতে হবে। অতঃপর **Govt Debendra College** সিলেক্ট করে **Bill period** ও **Enter Student ID** আসবে। এখানে চলতি মাসের নাম সিলেক্ট করে শিক্ষার্থীরা তাদের ৭ ডিজিটের ভর্তির রোল দিয়ে ট্যাপ করলে শিক্ষার্থীর নামসহ টাকার অংক আসবে। টাকার পরিমাণ দেখে নিশ্চিত হয়ে সিলেক্ট করে প্রয়োজনীয় পিন নম্বর প্রদান পূর্বক ফিস প্রদান করে জমা রশিদের প্রিন্ট নিতে হবে।
- ৩। ১০-০৫-২০২৩ তারিখের মধ্যে আবেদনকারীর মোবাইলে প্রাথমিক আবেদন নিশ্চয়ন সংক্রান্ত SMS যাবে। উক্ত তারিখের মধ্যে নিশ্চয়নের SMS না পেলে কলেজের প্রশাসনিক শাখায় যোগাযোগ করতে হবে। অন্যথায়, এ সংক্রান্ত সৃষ্ট জটিলতার জন্য কলেজ দায়ী থাকবে না।
- ৪। প্রাথমিক আবেদনপত্রে কোন প্রকার ভুলের জন্য আবেদকারী দায়ী থাকবে। তাই প্রাথমিক আবেদন ফর্মটি সতর্কতার সাথে পূরণ করতে হবে। বিকাশ/নগদের মাধ্যমে ফি পরিশোধ করে ফি জমাদানের রশিদ আবেদন পত্রের সাথে জমা না দিলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

আবেদন ফরমের সাথে যে সব কাগজপত্র জমা দিতে হবে:

- ০১। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট থেকে প্রাথমিক আবেদনের প্রিন্ট করা ফর্ম ১ কপি।
- ০২। এসএসসি ও এইচএসসি পরীক্ষার নম্বরপত্রের ফটোকপি ১টি করে।
- ০৩। এসএসসি ও এইচএসসি পরীক্ষার রেজি. কার্ডের ফটোকপি ১টি করে।
- ০৪। বিকাশ/নগদে ফি জমাদানের রশিদের মূল কপি (প্রিন্টেড) জমা দিবে। (মূল কপিতে নাম, মোবাইল নম্বর ও ভর্তির রোল নম্বর লিখতে হবে) এবং ফটোকপি শিক্ষার্থী সংরক্ষণ করবে।

প্রতিস্বাক্ষর

অধ্যক্ষ

সরকারি দেবেন্দ্র কলেজ
মানিকগঞ্জ।

আহবায়ক

২০২২-২৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি কমিটি
সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ।